

237453 - ফ্রি ল্যান্সিং বা মুক্তপেশা সংক্রান্ত হালাল-হারাম সম্পর্কে জানতে চায়

প্রশ্ন

ফ্রি ল্যান্সিং বা মুক্তপেশার সিস্টেমে চাকুরী করার হুকুম কি? এ ধরনের পেশার ক্ষেত্রে হারাম ও হালালের কোন দিকগুলো সম্পৃক্ত হতে পারে? বিশেষতঃ গ্রাফিক্স ডিজাইন, সৃজনশীল লেখালেখি, গবেষণা ও নেটওয়ার্ক ডেভেলপমেন্ট এ জাতীয় সেক্টরগুলোতে?

প্রিয় উত্তর

সমস্ত মানুষের ওপর, বিশেষতঃ উম্মতে মুসলিমার ওপর আল্লাহ তাআলার অনুগ্রহ হচ্ছে- হালালের পরিধিকে বিস্তৃত করা এবং হালালকে মূল হিসেবে ও প্রধান হিসেবে সাব্যস্ত করা; আর হারামকে সংকীর্ণ করা; এমনকি সংকীর্ণ থেকে আরও সংকীর্ণ করা। বরং তিনি হারামকে রেখেছেন বিরল ও ব্যতিক্রম কিছু হিসেবে। আল্লাহ তাআলা তাঁর কিতাবে বলেন: “আল্লাহ ইচ্ছে করেন তোমাদের কাছে বিশদভাবে বিবৃত করতে, তোমাদের পূর্ববর্তীদের রীতিনীতি তোমাদেরকে অবহিত করতে এবং তোমাদেরকে ক্ষমা করতে। আর আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। আর আল্লাহ তোমাদেরকে ক্ষমা করতে চান। আর যারা কুপ্রবৃত্তির অনুসরণ করে তারা চায় যে, তোমরা ভীষণভাবে পথচ্যুত হও। আল্লাহ তোমাদের ভার কমাতে চান; আর মানুষকে সৃষ্টি করা হয়েছে দুর্বলরূপে।”[সূরা নিসা, আয়াত: ২৬-২৮]

আল্লাহ তাআলা আরও বলেন: “আল্লাহ তোমাদের জন্য সহজ চান এবং তোমাদের জন্য কষ্ট চান না।”[সূরা বাক্বারা, আয়াত: ১৮৫]

আল্লাহ আরও বলেন: “আল্লাহ তোমাদের উপর কোন সংকীর্ণতা করতে চান না; বরং তিনি তোমাদেরকে পবিত্র করতে চান এবং তোমাদের প্রতি তাঁর নেয়ামত সম্পূর্ণ করতে চান, যাতে তোমরা কৃতজ্ঞতা জ্ঞাপন কর।”[সূরা মায়দা, আয়াত: ০৬]

ইমাম শাতেবি বলেন (রহঃ): “(লেনদেন ও স্বভাবগত বিষয়ের ক্ষেত্রে) মূলনীতি হচ্ছে- অর্থের দিকে দেখা; ইবাদতের ক্ষেত্রে নয়। লেনদেনের ক্ষেত্রে মূলনীতি হচ্ছে- যে কোন বিষয়ে সাধারণ অনুমতি থাকা; যতক্ষণ পর্যন্ত না কোন দলিল এর বিপরীত কিছু প্রমাণ করে।”[আল-মুওয়াফাকাত (১/৪৪০) থেকে সমাপ্ত]

অতএব, আপনি ফ্রি ল্যান্সিং এর যে ক্ষেত্রগুলোর কথা উল্লেখ করেছেন যেমন- গ্রাফিক্স, লেখালেখি, গবেষণা করা, ডেভেলপ করা, সৃজনশীল-সাংস্কৃতিক-শিক্ষণীয় সকল কর্ম সেগুলো করতে কোন বাধা নেই। গুরুত্বপূর্ণ হচ্ছে- আপনার কাজের মধ্যে একটি আদর্শিক মেসেজ থাকা চাই। সে মেসেজ হতে পারে— মানুষকে সুখী করা, তাদের জন্য জীবন ধারণের উপকরণগুলো সহজ করা কিংবা মানুষের মাঝে সত্য, সঠিক ও ন্যায়-নীতির প্রসার ঘটানো কিংবা তাদেরকে শিক্ষিত করে তোলা, তাদের দীন-দুনিয়ার গুরুত্বপূর্ণ বিষয়গুলো সম্পর্কে তাদের সচেতনতা বাড়ানো। এগুলো প্রত্যেকটি ভাল মেসেজ; আপনার উন্মুক্ত কাজের মধ্যে এ মেসেজগুলো থাকতে পারে। এভাবে আপনি দেখবেন যে, আপনার সৃজনশীল কর্মগুলো সবসময় এই উন্নত নৈতিক পথে পরিচালিত হচ্ছে; হারাম

যেসব মেসেজ সৃজনশীল কর্মের সাথে সম্পৃক্ত হতে পারে সেগুলো থেকে দূরে থাকছে। যেমন- কোন অশ্লীল ছবির ডিজাইন করা, যৌন সূড়সূড়িমূলক কোন কাজকে টার্গেটে নেয়া, অশ্লীলতা প্রসারে অংশ গ্রহণ করা কিংবা হারাম কিছু বিক্রি করা ইত্যাদি।

আল্লাহই ভাল জানেন।